

ইকুইটি এন্ড জাস্টিস ওয়ার্কিং গ্রুপ বাংলাদেশ (ইকুইটিবিডি)

Equity & Justice Working Group Bangladesh (equitybd)

ঢাকা, ৭ই এপ্রিল ২০০৯।

প্রেস বিজ্ঞপ্তি:

সাংসদদের হস্তক্ষেপমুক্ত স্ব-শাসিত উপজেলা পরিষদ গড়ে তুলতে ‘স্থানীয় সরকার (উপজেলা পরিষদ) অধ্যাদেশ, ২০০৮’ পুনঃবহাল রাখুন।

তত্ত্বাবধায়ক সরকারের শাসনামলে জারি করা ‘স্থানীয় সরকার (উপজেলা পরিষদ) অধ্যাদেশ, ২০০৮’ বাতিল করে উপজেলা পরিষদের চেয়ারম্যানদের ক্ষমতা সীমিত এবং সাংসদদের নিরঙ্কুশ ক্ষমতা দিয়ে গতকাল ৬ই এপ্রিল ২০০৯ তারিখে জাতীয় সংসদে বহুল আলোচিত উপজেলা পরিষদ (রহিত আইন পুনঃপ্রচলন ও সংশোধন) বিল ২০০৯ সর্বসম্মতভাবে পাশ করেছে। ইকুইটি এন্ড জাস্টিস ওয়ার্কিং গ্রুপ বাংলাদেশ (ইকুইটিবিডি) মনে করে যে, এ বিল পাশ করার মাধ্যমে সরকার স্থানীয় সরকার কাঠামোকে দুর্বল করার পাশাপাশি গণতান্ত্রিক রাষ্ট্র প্রতিষ্ঠায় একটি বাধা সৃষ্টি করেছে। এই আইনে সাংসদদের উপজেলা পরিষদের উপদেষ্টা করা হয়েছে এবং পরিষদ উপদেষ্টার পরামর্শ গ্রহণ করতে বাধ্য। এ আইনের ২৫ ধারায় ১ ও ২ উপধারায় উল্লেখ করা হয়েছে যে, সাংসদকে না জানিয়ে উপজেলা পরিষদ সরকারের সঙ্গে কোন যোগাযোগ করতে পারবে না। একই সঙ্গে আইনের ২৭ ধারার খ উপধারার ৪ অনুচ্ছেদে বলা হয়েছে উপজেলা পরিষদের প্রতিটি বৈঠকের পর পরবর্তী ১৪ দিনের মধ্যে কার্যবিবরণী স্থানীয় সাংসদদের কাছে পাঠাতে হবে। উপজেলা পরিষদ কোন বিষয়ে সরকারের কাছে চিঠি পাঠাতে চাইলেও সাংসদকে জানিয়ে করতে হবে। এমনকি এ আইনে উপজেলা পরিষদে ১৪টি স্থায়ী কমিটি গঠন করার বিধান রাখা হয়েছে কিন্তু চেয়ারম্যান এ সব কমিটির প্রধান হতে পারবেন না যা সুশাসন প্রতিষ্ঠায় অন্তরায়।

সুশিল সমাজ মনে করে যে, এ বিলটি পাশ করার মাধ্যমে সরকার স্থানীয় সরকারের একটা বিপর্যয় ডেকে এনেছে। এর মাধ্যমে উপজেলা পরিষদকে দারুনভাবে সাংসদ নির্ভর করা হয়েছে। ফলে উপজেলা পরিষদের উপর এখন দুটি সরকার কতৃত্ব করবে। একটি স্থানীয় সরকার মন্ত্রণালয় তথা সরকারের নির্বাহী বিভাগ, অন্যটি হলো স্থানীয় সাংসদ। এই দুই কতৃত্বের অধিনে উপজেলা পরিষদ কতটুকু কাজ করতে পারবে না প্রশ্ন সাপেক্ষ। আশংকা করা হচ্ছে যে, এ আইনের মাধ্যমে সাংসদরা তাদের এখতিয়ার বহির্ভূত কাজ করবেন এবং দেশের সুখম উন্নয়ন বাধাগ্রস্ত করবেন। ফলে শুধু উপজেলা পরিষদ নয়, গোটা স্থানীয় সরকার ব্যবস্থাই অকার্যকর হয়ে পড়বে। দেশে গণতন্ত্র, সুশাসন এবং অর্থনৈতিক উন্নয়নের যে ধারাবাহিকতা তৈরী হয়েছিল এ আইনে তা ব্যাহত হবে।

ইকুইটি এন্ড জাস্টিস ওয়ার্কিং গ্রুপ বাংলাদেশ (ইকুইটিবিডি) ‘স্থানীয় সরকার (উপজেলা পরিষদ) অধ্যাদেশ, ২০০৮’ এর পুনঃবহালসহ স্থানীয় সাংসদদের প্রভাব মুক্ত স্ব-শাসিত উপজেলা পরিষদ গঠনের দাবি জানাচ্ছে।

বার্তা প্রেরক



রেজাউল করিম চৌধুরী (মোবাইল: ০১৭১১৫২১৭৯২)

আহবায়ক, ইকুইটিবিডি।